# উপজেলা পরিষদ

কাহারোল, দিনাজপুর।

www.kaharol.dinajpur.gov.bd

## অক্টোবর, ২০২৫ মাসে অনুষ্ঠিত উপজেলা পরিষদের সাধারণ সভার কার্যবিবরণী:

সভাপতি: মোকলেদা খাতুন মীম
প্রশাসক
উপজেলা পরিষদ
কাহারোল, দিনাজপুর।

তারিখ- ১৪/১০/২০২৫
সময়: সকাল ১১:০০ টা
স্থানঃ উপজেলা পরিষদ সভাকক্ষ

সভায় উপস্থিত সদস্যদের তালিকা: পরিশিষ্ট 'ক' তে দেখানো হলো।

সভার আলোচ্যসূচি:

১। পূর্ববর্তী সভার কার্য বিবরণী পাঠ ও অনুমোদন ।
২। স্থায়ী কমিটির সভার বিষয়ে আলোচনা।
৩। বিভিন্ন বিভাগীয় কার্যক্রমের অগ্রগতি বিষয়ে আলোচনা ।
৪। ২০২৫-২০২৬ অর্থ বছরের বার্ষিক উন্নয়ন কর্মসূচির বিষয়ে আলোচনা ।
৫। জাতীয় শুদ্ধাচার কৌশল বিষয়ে আলোচনা ।
৬। নিরাপদ খাদ্য আইন বিষয়ে আলোচনা ।
৭। বিবিধ।

সভাপতি কর্তৃক উপস্থিত সকল সদস্যকে শুভেচ্ছা জানিয়ে সভার কার্যক্রম শুরু করা হয়। সভার শুরুতেই সভাপতির অনুমতিক্রমে গত ২৯/০৯/২০২৫ তারিখের সভার কার্যবিবরণী পাঠ করে শোনানো হয় এবং বিস্তারিত আলোচনান্তে কার্যবিবরণীর উপর কোন সংশোধনী না থাকায় তা সর্বসম্মতিক্রমে অনুমোদিত হয়।

২-৭ নং আলোচ্য বিষয়ের উপরে বিভাগীয় কার্যক্রমের অগ্রগতির প্রতিবেদন নিম্নরূপ:

| বিভাগের নাম | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|
| ১। স্বাস্থ্য বিভাগ | উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা অফিসার সভায় জানান, টাইফয়েড ভ্যাকসিনেশনের আওতায় ৯ মাস হতে ১৫ বছর বয়সের শিশু ও কিশোর টাইফয়েড ভ্যাকসিন পাবে। তিনি জানান, সারাদেশে ৫ কোটি ভ্যাকসিন প্রদান করা হবে। আগামী বছর থেকে টাইফয়েড ভ্যাকসিন নিয়মিত ভ্যাকসিন হিসাবে প্রদান করা হবে। বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষার্থীদের টাইফয়েড টিকা প্রদানের ক্ষেত্রে উপজেলা প্রাথমিক শিক্ষা অফিসার ও উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার যথাযথ সহযোগিতা করছেন। এজন্য তিনি তাদের প্রতি কৃতজ্ঞতা প্রকাশ করেন। পাশাপাশি স্কাউটের মাধ্যমে টাইফয়েড টিকার রেজিস্ট্রেশন কার্যক্রম আরও জোরদার করার আহবান জানান। উপজেলার ১৮টি টিকা কেন্দ্রে সমগ্র উপজেলায় টিকা প্রদান করা হচ্ছে।<br>তিনি জানান, গত মাসে ১৫ জন সাপে কাটা রোগী পাওয়া গেছে; যা ছিল Non-Poisonous (বিষহীন)। এছাড়া গর্ভবতী মায়েদের হাসপাতালমুখী করার জন্য সকলের সহযোগিতা কামনা করেন।<br>তিনি জানান, চিকিৎসক সংকটের জন্য সেবা প্রদান কিছুটা ব্যাহত হচ্ছে এবং চলতি মাসে ৫ জন চিকিৎসক পদায়ন পাওয়া যাবে মর্মে সভায় অবহিত করেন। | বিভাগীয় কাজ অব্যাহত রাখার জন্য উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা অফিসারকে অনুরোধ করা হয়। | ১। উপজেলা স্বাস্থ্য ও প: প: অফিসার |

| | | | |
|---|---|---|---|
| | অফিসার ইনচার্জ (ওসি) জানান, অধিকতর নিরাপত্তার স্বার্থে উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সের মেইন গেইট ও গুরুত্বপূর্ণ কিছু জায়গায় বর্ধিত সিসি ক্যামেরা স্থাপন করা প্রয়োজন। | | |
| ২। কৃষি বিভাগ | উপজেলা কৃষি অফিসার সভায় জানান যে, চলমান খরিপ-২ মৌসুমে উপজেলায় রোপা আমন ধান আবাদ হয়েছে ১৫৩৪৯ হেক্টর; যা বর্তমানে মাঠে দন্ডায়মান রয়েছে। এ সময় রোপা আমন ধানে বিপিএইচ বা কারেন্ট পোকা এবং ব্লাস্ট রোগ এর আক্রমন হয়ে থাকে। তাই উপজেলায় পিপিস্কোয়ার্ট গঠন করা হয়েছে, নিয়মিত মাঠ পরিদর্শন সহ বিভিন্ন স্পটে কৃষকদের সাথে সমাবেশ কার্যক্রম চালু রয়েছে। এছাড়াও মাঠে কৃষকদের সাথে সাক্ষাৎ করে রোগ ও পোকা দমন ব্যবস্থা গ্রহণের জন্য লিফলেট বিতরণ করছেন সংশ্লিষ্ট ব্লকের উপ-সহকারী কৃষি কর্মকর্তাগণ। আসন্ন রবি মৌসুমের জন্য প্রনোদনা হিসাবে সরিষা ১৩০০ জন, গম ২০০ জন, সূর্যমুখী ৩০ জন, শীতকালীন পেঁয়াজ ১০ জন কৃষকের জন্য বিনামূল্যে বীজ ও সার বরাদ্দ পাওয়া গেছে। যা উপজেলা পূনর্বাসন ও বাস্তবায়ন কমিটির সভা করে দ্রুত বিতরণ করা হবে।<br>সার পরিস্থিতিঃ<br>উপজেলায় আসন্ন রবি মৌসুমে আলু, সরিষা, গম, শাকসবজিসহ অন্যান্য ফসল উৎপাদনে সঠিক সময়ে সার সরবরাহ নিশ্চিত করার জন্য উপজেলায় বিসিআইসি ও বিএডিসি সার ডিলারদের প্রতি মাসের প্রথম সপ্তাহে টাকা জমা, সার উত্তোলন ও বিতরণের জন্য লিখিত নির্দেশনা প্রদান করা হচ্ছে। সারের যৌক্তিক ব্যবহারের জন্য কৃষকদের মাটি পরীক্ষা ও খামারী অ্যাপসের মাধ্যমে ফসল অনুযায়ী সার প্রয়োগের পরামর্শ প্রদান করা হচ্ছে।<br>এছাড়া বিভাগীয় কাজ স্বাভাবিকভাবে চলছে মর্মে তিনি সভায় অবহিত করেন। | বিভাগীয় কার্যক্রম অব্যাহত রাখার জন্য উপজেলা কৃষি অফিসারকে অনুরোধ করা হয়। | উপজেলা কৃষি অফিসার, কাহারোল, দিনাজপুর। |
| ৩। প্রানিসম্পদ বিভাগ | উপজেলা প্রাণিসম্পদ অফিসার সভায় জানান যে, উপজেলা প্রাণিসম্পদ দপ্তরের জরাজীর্ণ ও পরিত্যক্ত ভবন অপসারণের জন্য দরপত্র আহবান করা হয়েছিল, তা ওপেনিং সম্পন্ন হয়েছে। এ্যানথ্রাক্স রোগ প্রতিরোধে ভ্যাকসিনেশন, উঠান বৈঠক ও লিফলেট বিতরণ চলছে। ক্ষুদ্র নৃ-গোষ্ঠি প্রকল্পের আওতায় ৯১ জন সুফলভোগীর বিধি মোতাবেক তালিকা করা হয়েছে। তাদের প্রত্যেককে ২টি করে ছাগল ও গৃহ নির্মাণ সামগ্রী বিতরণ করা হবে। LSD ও PPR রোগ নির্মূলের জন্য Vaccination কার্যক্রম চলমান রয়েছে।<br>এছাড়া বিভাগীয় কাজ স্বাভাবিকভাবে চলছে মর্মে তিনি সভায় অবহিত করেন। | বিভাগীয় কাজ অব্যাহত রাখার জন্য উপজেলা প্রাণিসম্পদ অফিসারকে অনুরোধ করা হয়। | উপজেলা প্রাণিসম্পদ অফিসার |
| ৪। মৎস্য বিভাগ | উপজেলা মৎস্য অফিসার সভায় জানান, ইলিশ মাছের প্রধান প্রজনন মৌসুমে মা ইলিশ সংরক্ষণে ৪ অক্টোবর হতে ২৫ অক্টোবর মোট ২২ দিন সারাদেশে ইলিশ আহরণ, পরিবহণ, মজুদ, বাজারজাতকরণ, ক্রয়, বিক্রয় ও বিনিময় সরকার কর্তৃক সম্পূর্ণ নিষিদ্ধ করা হয়েছে। এর আওতায় নিয়মিত বাজার পরিদর্শন কার্যক্রম চলমান রয়েছে। তিনি এ বিষয়ে সকলকে সচেতন থাকার আহবান জানান।<br>এছাড়া বিভাগীয় কাজ স্বাভাবিকভাবে চলছে মর্মে তিনি সভায় অবহিত করেন। | বিভাগীয় কাজ অব্যাহত রাখার জন্য উপজেলা মৎস্য অফিসারকে অনুরোধ করা হয়। | উপজেলা মৎস্য অফিসার |
| ৫। প্রকৌশল বিভাগ | উপজেলা প্রকৌশলী সভায় জানান, বিভাগীয় কাজ স্বাভাবিকভাবে চলছে। কোন সমস্যা নাই। | বিভাগীয় কাজ অব্যাহত রাখার জন্য উপজেলা প্রকৌশলীকে অনুরোধ করা হয়। | উপজেলা প্রকৌশলী |

| | | | |
|---|---|---|---|
| ৬। বাংলাদেশ পুলিশ বাহিনী | অফিসার ইন-চার্জ কাহারোল থানা সভায় জানান, অত্র উপজেলায় আইন শৃঙ্খলা পরিস্থিতি স্বাভাবিক রাখার জন্য রাত্রিকালীন মোবাইল পুলিশ টিমের তৎপরতা বৃদ্ধি করা হয়েছে। এছাড়া অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে মর্মে তিনি সভায় অবহিত করেন। | বিভাগীয় কাজ অব্যাহত রাখার জন্য অফিসার ইন-চার্জ কাহারোল থানাকে অনুরোধ করা হয়। | অফিসার ইনচার্জ |
| ৭। সমাজসেবা বিভাগ | উপজেলা সমাজসেবা অফিসার সভায় জানান, সামাজিক নিরাপত্তা কর্মসূচির আওতায় ইতিপূর্বে যে সকল ভাতাভোগী মৃত্যুবরণ করেছেন (বয়স্ক- ১২৫ এবং বিধবা ২০ জন) তাদের প্রতিস্থাপনের নিমিত্ত ইউনিয়ন কমিটির মাধ্যমে প্রাপ্ত প্রাথমিক তালিকা যাচাই-বাছাই কার্যক্রম চলমান আছে।<br>২০২৫-২০২৬ অথ বছরের ১ম কিস্তির (জুলাই/২৫-সেপ্টেম্বর/২৫) টাকা ইতোমধ্যে ভাতাভোগীর MFS এর মাধ্যমে প্রদান করা হয়েছে। সুদমুক্ত ক্ষুদ্র ঋণ কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান আছে। ক্যান্সার, কিডনী, লিভার সিরোসিস জন্মগত হৃদরোগ, স্ট্রোকে প্যারালাইজড এবং থ্যালাসেমিয়া আক্রান্ত রোগীদের এককালীন ৫০,০০০/- টাকা অনুদান EFT এর মাধ্যমে দেয়া হচ্ছে। চলতি মাসে ১টি প্রবেশন চূড়ান্ত রিপোর্ট দেয়া হয়েছে। বর্তমানে ২টি প্রবেশন কেস চলমান। প্রতিবন্ধী সনাক্তকরণ কর্মসূচি চলমান আছে। হাসপাতাল সমাজসেবা কার্যক্রমের আওতায় উপজেলা রোগী কল্যাণ সমিতির মাধ্যমে উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে রোগীদের ঔষধ-পথ্য এবং নরমাল ডেলিভারীতে জন্মগ্রহণকৃত নবজাতক এবং তার মা'এর জন্য সেবা কার্যক্রম চলমান আছে।<br><br>এছাড়া সকল ধরনের ভাতার অনলাইন আবেদন শুরু হয়েছে। এ বিষয়ে ব্যাপক প্রচারের ব্যবস্থা করা প্রয়োজন। এ বিষয়ে সকল ইউ,পি চেয়ারম্যানগণকে মাইকিং সহ ব্যাপক প্রচারের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হয়। জাতীয় সমাজকল্যাণ পরিষদের আওতায় ২টি স্বেচ্ছাসেবী সংস্থাকে অনুদান প্রদান করা হয়েছে। ক্যাপিটেশন গ্রান্ট প্রাপ্ত এতিমখানাগুলোর কার্যক্রম চলমান রয়েছে।<br>এছাড়া বিভাগীয় কাজ স্বাভাবিকভাবে চলছে মর্মে তিনি সভায় অবহিত করেন। | বিভাগীয় কাজ অব্যাহত রাখার জন্য উপজেলা সমাজসেবা অফিসারকে অনুরোধ করা হয়। | উপজেলা সমাজসেবা অফিসার |
| ৮। প্রাথমিক শিক্ষা বিভাগ | উপজেলা শিক্ষা অফিসার সভায় জানান, ৯ মাস থেকে ১৫ বছরের কম বয়সি সকল শিশুর টাইফয়েড টিকা প্রদান গত ১২/১০/২০২৫ তারিখ হতে শুরু হয়েছে। সরকারি প্রাথমিক বিদ্যালয়ের প্রাক প্রাথমিক হতে পঞ্চম শ্রেণি পর্যন্ত মোট ১৩৭০৩ জন শিক্ষার্থীর মধ্যে ইতোমধ্যে ১০২৫২ জন টিকার রেজিস্ট্রেশন সম্পন্ন হয়েছে এবং রেজিস্ট্রেশন কাজ চলমান আছে। শতভাগ শিক্ষার্থীকে টিকা প্রদানের জন্য নিবিড়ভাবে তদারকি করা হচ্ছে। তিনি জানান অনলাইন জন্ম নিবন্ধনের সাথে সংশ্লিষ্ট ব্যক্তিগণের সার্বিক সহযোগিতা প্রয়োজন।<br>সরকারি প্রাথমিক বিদ্যালয় বৃত্তি পরীক্ষা-২০২৫ এর Onlice এ DR এন্ট্রি সম্পন্ন করা হয়েছে। মোট পরীক্ষার্থী ৭৪১ জন এবং পরীক্ষার কেন্দ্র ১টি। OMR সীটে পরীক্ষার উত্তরপত্র হবে বিধায় OMR সীট পূরণ এবং প্রস্তুতির জন্য মডেল টেস্ট গ্রহণ করা প্রয়োজন। এ জন্য তিনি সার্বিক সহযোগিতা কামনা করেন।<br>২০২৬ শিক্ষাবর্ষের পাঠ্যপুস্তক প্রথম শ্রেণির শতভাগ ১১৭৭২টি, দ্বিতীয় শ্রেণির ২টি বিষয় ৭৯৩০টি এবং তৃতীয় শ্রেণির ২টি বিষয় ৭৯০৮টি পাওয়া গেছে এবং গুদামে যথাযথভাবে সংরক্ষণ করা হয়েছে। প্রাক প্রাথমিক হতে পঞ্চম শ্রেণির সমস্ত বই শিক্ষা অফিসের গুদামে জায়গা সংকুলান না হলে অন্যত্র বই রাখার জায়গা | উপজেলা পরিষদের মাসিক সাধারণ সভা উপস্থিতি নিশ্চিত করার উপজেলা শিক্ষা অফিসারকে অনুরোধ করা হয়। | উপজেলা শিক্ষা অফিসার |

| | | | |
|---|---|---|---|
| | প্রয়োজন হতে পারে। এ বিষয়টির ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ জানান।<br>এছাড়া শংকরপুর সরকারি প্রাথমিক বিদ্যালয় ও মুর্শিদপুর সরকারি প্রাথমিক বিদ্যালয় ভবন জরাজীর্ণ। ২টি বিদ্যালয়ের অস্থায়ী শ্রেণি নির্মাণ জরুরী ভিত্তিতে করা প্রয়োজন। প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধ জানান। | | |
| ৯। মাধ্যমিক শিক্ষা বিভাগ | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার সভায় জানান, দাপ্তরিক সকল কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | বিভাগীয় কাজ অব্যাহত রাখার জন্য উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসারকে অনুরোধ করা হয়। | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার |
| ১০। উপজেলা প্রাইমারী এডুকেশন ট্রেইনিং সেন্টার (UPETC) | ইন্সট্রাক্টর, উপজেলা প্রাইমারী এডুকেশন ট্রেইনিং সেন্টার (UPETC) সভায় জানান, অত্র দপ্তরের নাম পরিবর্তিত হয়ে উপজেলা রিসোর্স সেন্টার (URC) এর পরিবর্তে উপজেলা প্রাইমারী এডুকেশন ট্রেইনিং সেন্টার (UPETC) করা হয়েছে, যা তিনি সভায় অবহিত করেন।<br>এছাড়া বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে মর্মে তিনি সভায় অবহিত করেন। | উপজেলা কাজ অব্যাহত রাখার জন্য ইন্সট্রাক্টর, উপজেলা প্রাইমারী এডুকেশন ট্রেইনিং সেন্টারকে অনুরোধ করা হয়। | ইন্সট্রাক্টর, উপজেলা প্রাইমারী এডুকেশন ট্রেইনিং সেন্টার |
| ১১। উপজেলা প্রকল্প বাস্তবায়ন বিভাগ | উপজেলা প্রকল্প বাস্তবায়ন অফিসার সভায় জানান, বিভাগীয় কাজ স্বাভাবিকভাবে চলছে। | বিভাগীয় কাজ অব্যাহত রাখার জন্য উপজেলা প্রকল্প বাস্তবায়ন অফিসারকে অনুরোধ করা হয়। | উপজেলা প্রকল্প বাস্তবায়ন অফিসার |
| ১২। পরিবার পরিকল্পনা বিভাগ | উপজেলা পরিবার পরিকল্পনা অফিসার সভায় জানান বিভাগীয় কাজ স্বাভাবিকভাবে চলছে। | বিভাগীয় কাজ অব্যাহত রাখার জন্য উপজেলা পরিবার পরিকল্পনা অফিসারকে অনুরোধ করা হয়। | উপজেলা পরিবার পরিকল্পনা অফিসার |
| ১৩। জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর | উপসহকারী প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, কাহারোল, দিনাজপুর সভায় জানান, ২০২৫-২০২৬ অর্থ বছরে কোন টিউবওয়েল এখনো বরাদ্দ পাওয়া যায়নি।<br>এছাড়া বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে মর্মে তিনি সভায় অবহিত করেন। | বিভাগীয় কাজ অব্যাহত রাখার জন্য উপসহকারী প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তরকে অনুরোধ করা হয়। | উপসহকারী প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর |
| ১৪। যুব উন্নয়ন বিভাগ | উপজেলা যুব উন্নয়ন অফিসার সভায় জানান, বরাদ্দপ্রাপ্ত অপ্রাতিষ্ঠানিক ৭ দিন মেয়াদী প্রশিক্ষণ কোর্সের ১৪টি ব্যাচের প্রশিক্ষণ ইতোমধ্যে শুরু হয়েছে এবং অক্টোবর/২০২৫ মাসে ২টি ব্যাচ শেষ হবে। আগামী মাস থেকে ধারাবাহিকভাবে চলবে। ১৮-৩৫ বছর বয়সী কাহারোল উপজেলার স্থায়ী বাসিন্দা পুরুষ ও মহিলা উভয়ই অংশগ্রহণ করতে পারবে।<br>এছাড়া বিভাগীয় কাজ স্বাভাবিকভাবে চলছে মর্মে তিনি সভায় অবহিত করেন। | বিভাগীয় কাজ অব্যাহত রাখার জন্য যুব উন্নয়ন অফিসারকে অনুরোধ করা হয়। | উপজেলা যুব উন্নয়ন অফিসার |
| ১৫। মহিলা বিষয়ক বিভাগ | উপজেলা মহিলা বিষয়ক অফিসার সভায় নিম্নোক্ত কার্যক্রম বিষয়ে অবহিত করেন।<br><u>ভালনারেবল উইমেন বেনেফিট (ভিডব্লিউবি) কর্মসূচি :</u> ভালনারেবল উইমেন বেনেফিট (ভিডব্লিউবি) কর্মসূচি আওতায় উপজেলায় ০৬(ছয়)টি ইউনিয়নে ২০২৫-২০২৬ চক্রের উপকারভোগীদের মাঝে সেপ্টেম্বর/২০২৫ মাসের খাদ্যশষ্য বিতরণ সুষ্ঠুভাবে সম্পন্ন হয়েছে।<br><br><u>মা ও শিশু সহায়তা কর্মসূচি:</u> মা ও শিশু সহায়তা কর্মসূচি আওতায় ২০২৩-২০২৪ অর্থ বছরে নির্বাচিত ভাতাভোগী ভাতার অর্থ তাদের নিজ নিজ ব্যাংক/এজেন্ট ব্যাকিং/মোবাইল ব্যাংকিং হিসাবে EFT মাধ্যমে প্রেরণ করা হয়েছে । ২০২৫-২০২৬ অর্থবছরে প্রতি ইউনিয়নে প্রতিমাসে ১৫(পনের) জন করে ভাতাভোগী নির্বাচন | বিভাগীয় কাজ অব্যাহত রাখার জন্য উপজেলা মহিলা বিষয়ক অফিসারকে অনুরোধ করা হয়। | উপজেলা মহিলা বিষয়ক অফিসার |

| | | | |
|---|---|---|---|
| | পূর্বক MIS এ অনুমোদন কার্যক্রম চলমান রয়েছে।২০২৫-২০২৬ অর্থবছরে মা ও শিশু সহায়তা ভাতা প্রদান কর্মসূচি আওতায় সেপ্টেম্বর/২০২৫ মাস পযর্ন্ত ৯০ (নব্বই) জন ভাতাভোগী নির্বাচন পূর্বক MIS এ মাধ্যমে অনুমোদন করা হয়েছে। পরবর্তী কার্যক্রম চলমান।<br><br><u>কিশোর-কিশোরী ক্লাবঃ</u><br>কিশোর-কিশোরী ক্লাব স্থাপন প্রকল্পের আওতায় উপজেলায় ০৬টি ইউনিয়নে স্থাপিত ০৬টি কিশোর-কিশোরী ক্লাবে ৩০জন করে মোট=১৮০ জন কিশোর-কিশোরীদেরকে সঙ্গীত ও আবৃত্তি এবং ক্যারাটে বিষয়ক প্রশিক্ষণসহ বাল্য বিবাহ প্রতিরোধে সচেতনতামূলক কার্যক্রম সুষ্ঠভাবে চলমান রয়েছে।<br><br><u>ক্ষুদ্রঋণ কর্মসূচিঃ</u><br>মহিলাদের আত্ম-কর্মসংস্থানের জন্য ক্ষুদ্রঋণ তহবিল এর আওতায় এ পর্যন্ত ২২৫জন দুস্থ মহিলাদের মাঝে ঋণ বিতরণ করা হয়। ২০২৪-২৫অর্থ বছরে ১২জন দুস্থ মহিলাদের মাঝে ২৫,০০০/-( পচিঁশ হাজার) টাকা করে ঋন বিতরণ করা হয়েছে। ঋণ আদায়ের কার্যক্রম চলমান রয়েছে।<br><br><u>বাল্য বিবাহ প্রতিরোধঃ</u><br>বাল্য বিবাহ প্রতিরোধে সচেতনতা বৃদ্ধিমূলক কার্যক্রম চলমান রয়েছে। সেপ্টেম্বর/২০২৫ মাসে কোন নারী ও শিশু নির্যাতন সম্পর্কে কোন অভিযোগ পাওয়া যায়নি ।<br><br><u>নারী ও শিশু নির্যাতন প্রতিরোধঃ</u><br>নারী ও শিশু নির্যাতন প্রতিরোধে সচেতনতা বৃদ্ধিমূলক কার্যক্রম চলমান রয়েছে। সেপ্টেম্বর/২০২৫ মাসে কোন নারী ও শিশু নির্যাতন সম্পর্কে কোন অভিযোগ পাওয়া যায়নি ।<br><br><u>স্বেচ্ছাসেবী মহিলা সমিতিঃ</u><br>নিবন্ধিত স্বেচ্ছাসেবী মহিলা সমিতি-৮টি, নবায়ন হয়েছে-৩টি ।<br><br>এছাড়া বিভাগীয় কাজ স্বাভাবিকভাবে চলছে মর্মে তিনি সভায় অবহিত করেন। | | |
| ১৬। সমবায় বিভাগ | উপজেলা সমবায় অফিসার সভায় জানান, বিধিবদ্ধ কাজের মধ্যে নিবন্ধিত সকর সমবায় সমিতির অডিট কার্য, নির্বাচন,এজিএম, পরিদর্শন, তদারকী কার্যক্রম অব্যাহত রয়েছে।<br>সবুজ আলো সঞ্চয় ও ঋণদান সমবায় সমিতি লিঃ এর উদ্ভুত পরিস্থিতির প্রেক্ষিতে ইতোমধ্যে এ্যাডহক কমিটি গঠনের প্রস্তাব প্রেরণ করা হয়েছে। এছাড়াও সমিতির কার্যক্রম বর্তমানে চলমান। যারা ব্যক্তিগত পর্যায়ে FDR খুলেছিলেন, তারা তাদের টাকা ফেরত না পাওয়ায় তারা সকলে মামলা করার সিদ্ধান্ত গ্রহণ করেছেন।<br>এছাড়া বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে, কোন সমস্যা নাই। | বিভাগীয় কাজ অব্যাহত রাখার জন্য উপজেলা সমবায় অফিসারকে অনুরোধ করা হয়। | উপজেলা সমবায় অফিসার |
| ১৭। বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড (BRDB) | উপজেলা পল্লী উন্নয়ন অফিসার সভায় জানান, বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | বিভাগীয় কাজ অব্যাহত রাখার জন্য উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তাকে অনুরোধ করা হয়। | উপজেলা পল্লী উন্নয়ন অফিসার |

| | | | |
|---|---|---|---|
| ১৮। বরেন্দ্র বহুমুখী উন্নয়ন কর্তৃপক্ষ | সহকারী প্রকৌশলী, বরেন্দ্র বহুমুখী উন্নয়ন কর্তৃপক্ষ সভায় জানান, বিভাগীয় কাজ স্বাভাবিকভাবে চলছে। কোন সমস্যা নাই। | বিভাগীয় কাজ অব্যাহত রাখার জন্য তাকে অনুরোধ করা হয়। | সহকারী প্রকৌশলী, বিএমডিএ |
| ১৯। আনসার ও ভিডিপি বিভাগ | উপজেলা আনসার ও ভিডিপি অফিসার এর প্রতিনিধি সভায় জানান, শারদীয় দুর্গাপূজা খুব সুন্দরভাবে সম্পন্ন হয়েছে। নির্বাচনকে সামনে রেখে বিভাগীয় কার্যক্রম চলমান রয়েছে।<br>এছাড়া বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে, কোন সমস্যা নাই। | বিভাগীয় কাজ অব্যাহত রাখার জন্য উপজেলা আনসার ও ভিডিপি অফিসারকে অনুরোধ করা হয়। | আনসার ও ভিডিপি অফিসার |
| ২০। তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর | সহকারী প্রোগ্রামার, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, কাহারোল, দিনাজপুর সভায় জানান, বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। কোন সমস্যা নাই। | বিভাগীয় কাজ অব্যাহত রাখার জন্য সহকারী প্রোগ্রামার-কে অনুরোধ করা হয়। | সহকারী প্রোগ্রামার, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর |
| ২১। পল্লী সঞ্চয় ব্যাংক | শাখা ব্যবস্থাপক, পল্লী সঞ্চয় ব্যাংক, কাহারোল, দিনাজপুর সভায় অনুপস্থিত থাকায় বিভাগীয় কার্যক্রম পর্যালোচনা করা সম্ভব হলো না। | উপজেলা পরিষদের মাসিক সাধারণ সভায় নিয়মিত উপস্থিতি নিশ্চিত করার জন্য শাখা ব্যবস্থাপক, পল্লী সঞ্চয় ব্যাংককে অনুরোধ করা হয়। | ব্যবস্থাপক, পল্লী সঞ্চয় ব্যাংক |
| ২২। পল্লী দারিদ্র্য বিমোচন ফাউন্ডেশন | পল্লী দারিদ্র্য বিমোচন ফাউন্ডেশন কর্মকর্তা সভায় জানান, বিভাগীয় কাজ স্বাভাবিকভাবে চলছে। | বিভাগীয় কাজ অব্যাহত রাখার জন্য পল্লী দারিদ্র্য বিমোচন ফাউন্ডেশন কর্মকর্তাকে অনুরোধ করা হয়। | ম্যানেজার, পদাবিফা |
| ২৩। উপজেলা খাদ্য বিভাগ | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক সভায় জানান, বিভাগীয় কাজ স্বাভাবিকভাবে চলছে। | বিভাগীয় কাজ অব্যাহত রাখার জন্য তাকে অনুরোধ করা হয়। | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক |
| ২৪। বন বিভাগ | ভারপ্রাপ্ত উপজেলা বন কর্মকর্তা সভায় জানান, জলবায়ু ট্রাস্ট ফান্ডের অর্থায়নে কাহারোল উপজেলায় ৫০০০টি বনজ, ফলদ ও ঔষধী চারা বিনামূল্যে বিতরণ করা হয়েছে। অবক্ষয়িত বন এলাকার জনসাধারণ ও উপজেলার বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানের মাঝে বিতরণ করা হয়েছে। উপজেলা পরিবেশ ও বন উন্নয়ন কমিটির সিদ্ধান্ত মোতাবেক চারা বন্টন করা হয়েছে। বিভাগীয় কাজ স্বাভাবিকভাবে চলছে। কোন সমস্যা নাই। | বিভাগীয় কাজ অব্যাহত রাখার জন্য উপজেলা বন কর্মকর্তাকে অনুরোধ করা হয়। | উপজেলা বন কর্মকর্তা, সামাজিক বন বিভাগ, |
| ২৫। পল্লী বিদ্যুৎ সমিতি | সহকারী জেনারেল ম্যানেজার, পল্লী বিদ্যুৎ সমিতি, কাহারোল জোন সভায় জানান, বিভাগীয় কাজ স্বাভাবিকভাবে চলছে, কোন সমস্যা নাই। | বিভাগীয় কাজ অব্যাহত রাখার জন্য সহকারী জেনারেল ম্যানেজার, পল্লী বিদ্যুৎ সমিতি, কাহারোল জোনকে অনুরোধ করা হয়। | সহকারী জেনারেল ম্যানেজার, পল্লী বিদ্যুৎ সমিতি |
| ২৬। উপজেলা পরিসংখ্যান অফিস | উপজেলা পরিসংখ্যান অফিসার সভায় জানান আগামী ২০ অক্টোবর, ২০২৫ তারিখে "বিশ্ব পরিসংখ্যান দিবস ও জাতীয় পরিসংখ্যান দিবস" জেলা প্রশাসনের সহযোগিতায় ও জেলা পরিসংখ্যান কার্যালয়ের আয়োজনে এ দিবসের শুভ উদ্বোধন করবেন সম্মানিত জেলা প্রশাসক, দিনাজপুর মহোদয়।<br>এছাড়া বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | বিভাগীয় কার্যক্রম অব্যাহত রাখার জন্য উপজেলা পরিসংখ্যান অফিসারকে অনুরোধ করা হয়। | উপজেলা পরিসংখ্যান অফিসার |
| ২৭। উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্প | উপজেলা ডেভেলপমেন্ট ফ্যাসিলিটেটর (UDF), উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্প (UGDP) জনাব হেলেনা খাতুন সভায় জানান, উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্পটি স্থানীয় সরকার মন্ত্রণালয়ের অত্যন্ত গুরুত্বপূর্ণ একটি উন্নয়ন প্রকল্প।<br>কাহারোল উপজেলায় প্রকল্পটির কার্যক্রম সুষ্ঠু ও সুন্দরভাবে পরিচালিত হচ্ছে। | বিভাগীয় কাজ অব্যাহত রাখার জন্য উপজেলা ডেভেলপমেন্ট ফ্যাসিলিটেটরকে অনুরোধ করা হয়। | ২। উপজেলা ডেভেলপমেন্ট ফ্যাসিলিটেটর (UDF), উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্প (UGDP) |
| ২৮। কান্তনগর প্রত্নতাত্ত্বিক জাদুঘর | কাস্টোডিয়ান, কান্তনগর প্রত্নতাত্ত্বিক জাদুঘর সভায় জানান, বিভাগীয় কাজ স্বাভাবিকভাবে চলছে। কোন সমস্যা নাই। | বিভাগীয় কাজ অব্যাহত রাখার জন্য তাকে অনুরোধ করা হয়। | কাস্টোডিয়ান, কান্তনগর প্রত্নতাত্ত্বিক জাদুঘর, কাহারোল, দিনাজপুর। |

| | | | |
|---|---|---|---|
| ২৯। উপজেলা তথ্যকেন্দ্র | তথ্যসেবা কর্মকর্তা সভায় জানান, "তথ্যসেবা কেন্দ্র" এর নাম পরিবর্তিত হয়ে "উপজেলা তথ্যকেন্দ্র" নামকরণ হয়েছে।<br>এছাড়া তথ্যকেন্দ্রের সকল কাজ স্বাভাবিকভাবে চলছে মর্মে তিনি সভায় অবহিত করেন। | বিভাগীয় কার্যক্রম অব্যাহত রাখার জন্য তাকে অনুরোধ করা হয়। | তথ্যসেবা কর্মকর্তা |
| ৩০। ইসলামিক ফাউন্ডেশন | ফিল্ড সুপারভাইজার, ইসলামিক ফাউন্ডেশন, কাহারোল সভায় জানান তার বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। কোন সমস্যা নেই। সভাপতি প্রতিটি মসজিদে জুম্মার নামাজের সময় খুতবার পূর্বে জঙ্গিবিরোধী বক্তব্য দেওয়ার বিষয়টি নিশ্চিত করার জন্য ফিল্ড- সুপারভাইজার, ইসলামিক ফাউন্ডেশন অনুরোধ করেন। | প্রতিটি মসজিদে জুম্মার নামাজের সময় খুতবার পূর্বে জঙ্গি বিরোধী বক্তব্য দেওয়ার বিষয়টি নিশ্চিত করার জন্য ফিল্ড সুপারভাইজার, ইসলামিক ফাউন্ডেশন,কাহারোলকে অনুরোধ করা হয়। | ফিল্ড সুপার ভাইজার ইসলামিক ফাউন্ডেশন |
| ৩১। ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স | ইনচার্জ, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স, কাহারোল, দিনাজপুর সভায় জানান, বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। কোন সমস্যা নাই। | বিভাগীয় কাজ অব্যাহত রাখার জন্য তাকে অনুরোধ করা হয়। | ইনচার্জ, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স |
| ৩২। উপজেলা পাট অফিস | উপ সহকারী পাট উন্নয়ন কর্মকর্তা, কাহারোল, দিনাজপুর সভায় জানান, দপ্তরের কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান রয়েছে। কোন সমস্যা নাই। | বিভাগীয় কার্যক্রম অব্যাহত রাখার জন্য উপসহকারী পাট উন্নয়ন কর্মকর্তাকে অনুরোধ করা হয়। | উপ সহকারী পাট উন্নয়ন কর্মকর্তা |
| বিবিধ.১ | সভায় উপজেলা নির্বাহী অফিসার জানান যে, উপজেলা পরিষদের আবাসিক ভবন হাসনা হেনা কোয়াটার ব্যবহার অনুপযোগী হওয়ায় পানির লাইন মেরামত, পানির ট্যাংকি ক্রয় ও পানির মটার সেটিং করা বাবদ ৪০,০০০/- টাকা উপজেলা পরিষদ রাজস্ব তহবিল বাসাবাড়ী মেরামত/সংরক্ষণ/রংকরণ খাত হতে প্রদান করা হয় যা অনুমোদন প্রয়োজন। বিষয়টি সভায় বিস্তারিত আলোচনা করা হলো। | উপজেলা পরিষদের আবাসিক ভবন হাসনা হেনা কোয়াটার ব্যবহার অনুপযোগী হওয়ায় পানির লাইন মেরামত, পানির ট্যাংকি ক্রয় ও পানির মটার সেটিং করা বাবদ ৪০,০০০/- টাকা উপজেলা পরিষদ রাজস্ব তহবিল বাসাবাড়ী মেরামত/সংরক্ষণ/রংকরণ খাত হতে প্রদান অনুমোদন দেয়া হলো। | উপজেলা নির্বাহী অফিসার ও প্রশাসক উপজেলা পরিষদ (অতিরিক্ত দায়িত্ব) কাহারোল, দিনাজপুর। |
| বিবিধ.২ | সভায় উপজেলা নির্বাহী অফিসার জানান যে উপজেলা পরিষদ চত্বরের ক্লোজ সার্কিট ক্যামেরা মেরামত/সংস্কার বাবদ ২১,৪৫০/- টাকা উপজেলা পরিষদ রাজস্ব তহবিলের ক্লোজ সার্কিট ক্যামেরা ক্রয় খাত হতে প্রদান করা হয় যা অনুমোদন প্রয়োজন। বিষয়টি সভায় বিস্তারিত আলোচনা করা হলো। | উপজেলা পরিষদ চত্বরের ক্লোজ সার্কিট ক্যামেরা মেরামত/সংস্কার বাবদ ২১,৪৫০/- টাকা উপজেলা পরিষদ রাজস্ব তহবিল ক্লোজ সার্কিট ক্যামেরা ক্রয় খাত হতে প্রদান অনুমোদন দেয়া হলো। | উপজেলা নির্বাহী অফিসার ও প্রশাসক উপজেলা পরিষদ (অতিরিক্ত দায়িত্ব) কাহারোল, দিনাজপুর। |

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি কর্তৃক উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

৩০/১০/২৫

মোকলেদা খাতুন মীম
প্রশাসক
উপজেলা পরিষদ
কাহারোল, দিনাজপুর।

# উপজেলা পরিষদ

## কাহারোল, দিনাজপুর।

www.kaharol.dinajpur.gov.bd

স্মারক নম্বর: ০৫.৫৫.২৭৫৬.০০০.০৬.০৩২.২৫-১৩১৭(৫০)

তারিখ: ২৯ আশ্বিন, ১৪৩২ / ১৪ অক্টোবর, ২০২৫

অনুলিপি সদয় অবগতি/ অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলোঃ

১। সিনিয়র সচিব/সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

২। বিভাগীয় কমিশনার, রংপুর বিভাগ, রংপুর।

৩। মহা-পরিচালক, পরিদর্শন মূল্যায়ণ ও মনিটরিং উইং, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

৪। পরিচালক, স্থানীয় সরকার, রংপুর বিভাগ, রংপুর।

৫। জেলা প্রশাসক, দিনাজপুর।

৬। উপ পরিচালক, স্থানীয় সরকার, দিনাজপুর।

৭। সিনিয়র সহকারী সচিব, উপজেলা শাখা-১, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, ঢাকা।

৮। উপজেলা ............................................................ অফিসার (সকল), কাহারোল, দিনাজপুর।

৯। চেয়ারম্যান, ............................................................ ইউনিয়ন পরিষদ (সকল), কাহারোল, দিনাজপুর।

১০। জনাব ................................................................................

১১। অফিস কপি।

১৪/১০/২৫

মোকলেদা খাতুন মীম
প্রশাসক
উপজেলা পরিষদ
ও
উপজেলা নির্বাহী অফিসার
কাহারোল, দিনাজপুর।

ফোনঃ ০২৫৮৯৯২৯৪৬৫
মোবাইল ফোনঃ ০১৭৬১-৪৯৩৫২৭
ই-মেইল: unokaharole@mopa.gov.bd